

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০৩.০০৩.১৫-২৫৫

১১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ২৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ২০/০৮/২০১৬ তারিখে-০৭.০০.০০০০.১৬১.০০.০০১.১৫-৯৭ সংখ্যক স্মারকে জারিকৃত আদেশের ধারাবাহিকতায় এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের অনুদান-সহায়তা বৃদ্ধির বিষয়ে কিছু শর্তে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- ১.১ জাতীয় বেতন ক্ষেত্র, ২০০৯ অনুযায়ী এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের অনুদান-সহায়তা যেভাবে নির্ধারিত হয়েছিল, অষ্টম জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর আলোকে একইভাবে এম.পি.ও.ভুক্ত শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের অনুদান-সহায়তা বৃদ্ধি করা:
- ১.২ এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণ প্রদেয় অনুদান-সহায়তা ০১ জুলাই, ২০১৫ তারিখ হতে প্রাপ্য হবেন;
- ১.৩ ০১ জুলাই, ২০১৫ তারিখ হতে মহার্ঘ ভাতা বিলুপ্ত হবে এবং গৃহীত মহার্ঘ ভাতা বকেয়া বেতন বাবদ প্রদেয় অনুদান-সহায়তার সাথে সমন্বয় করতে হবে;
- ১.৪ ৩০ জুন, ২০১৫ তারিখে এম.পি.ও.ভুক্ত শিক্ষক-কর্মচারীগণ যে হারে ভাতাদি (বাড়ি ভাড়া ভাতা ও চিকিৎসা ভাতা) আহরণ করেছেন ৩০ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত একই হারে ভাতাদি আহরণ করবেন;
- ১.৫ ০১ জুলাই, ২০১৬ তারিখ হতে প্রতি মাসে বাড়ি ভাতা ১০০০/- (এক হাজার) টাকা হারে এবং চিকিৎসা ভাতা ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রাপ্য হবেন।

শর্তসমূহ :

- (ক) এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের যোগ্যতা-ভিত্তিক মূল্যায়নের বিষয়টি নিশ্চিতকরণ এবং এ লক্ষ্যে দ্রুততার সাথে এম.পি.ও. নির্দেশিকা হালনাগাদ করতে হবে;
- (খ) উপর্যুক্ত মূল্যায়নে সামগ্রিক শিক্ষার পরিবেশ উন্নয়ন যথা; শিক্ষা উপকরণ সরবরাহ, শিক্ষকদের দক্ষতা উন্নয়ন এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় স্থানীয় জনগণের অংশগ্রহণ বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

০২। এমতাবস্থায়, অষ্টম জাতীয় বেতন ক্ষেত্র-এর আলোকে এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা ১০০০/- (এক হাজার) টাকা হারে এবং চিকিৎসা ভাতা ৫০০/- (পাঁচশত) টাকা হারে ০১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হবে।

৫৮।—
(ডা. মো. ফারুক হোসেন)
যুগ্ম-সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০৩.০০৩.১৫-২৫৫/১(২০০)

১১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ২৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত-সচিব (অডিট ও আইন/মাধ্যমিক-(১/২)/কারিগরি/মাদরাসা/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক.....(সকল)।
৮. পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৯. মাননীয় মঙ্গীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গোজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরনা পল্টন, ঢাকা।
১২. জেলা শিক্ষা অফিসার(সকল)।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(ডা. মো. ফারুক হোসেন)
যুগ্ম-সচিব

১৫.০৭.২৬.